

**Class- I**

**Subject - Bengali**

**Chapter - কবিতা-ভোর**

**কবিতার নাম - ভোর**

**কবির নাম - মদনমোহন তর্কালংকার**

**কবিতার সংক্ষিপ্ত সারঃ-**

কবি বলতে চেয়েছেন রাতের অন্ধকারের পর যখন ভোরের আলো ফোটে তখন পাখিদের কণ্ঠধ্বনি বা ডাক শোনা যায় এবং সেই সাথে দেখা যায় ফুলের কুঁড়ি থেকে ফুল ফুটতে ।

ভোরেরবেলায় দেখা যায় রাখাল বালকদের গরুর দল নিয়ে মাঠে যেতে এবং শিশুদের মন দিয়ে পড়াশুনা করতে ।

ভোরেরবেলায় মালতী ফুলের সুবাসে বা সুগন্ধে ভ্রমরেরা গুন গুন করে ছুটে আসে ।

রাতের অন্ধকারের পর যখন ভোরের আলো ফোটে তখন পাতায় পাতায় শিশির পড়ে থাকতে দেখা যায় এবং ভোরের শীতল বাতাসে আমাদের মন ও শরীর আনন্দিত হয় ।

তাই কবি বলেছেন সকল শিশুর উদ্দেশ্যে এবার তোমরা উঠে, মুখ ধুয়ে, পোশাক পড়ে নিজেদের পাঠেতে বা পড়াশুনাতে মন দাও ।

\*\*\*\*\*

## Worksheet

Q-1. সঠিক উত্তরে (✓) চিহ্ন দাও:-

1) ভোর - কবিতাটির কবির নাম কি ?

- I) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর
- II) মদনমোহন তর্কালংকার

2) রাখাল বালকেরা কি নিয়ে মাঠে যায় ?

- I) গরু
- II) গাধা

3) সূর্যের রঙ কি ?

- I) লাল
- II) নীল

4) শিশির কোথায় পড়ে ?

- I) পাতায় পাতায়
- II) পেন্সিল বক্স-এ

5) পাখিরা কখন ডাকে?

- I) ভোরের বেলা
- II) রাতের বেলা

Q-2. শূন্যস্থান পূরণ কর:-

(I) কা \_\_\_\_\_ ন

(II) মা \_\_\_\_\_ তী

(III) সৌ \_\_\_\_\_ ভ

(IV) গ \_\_\_\_\_ নে

(V) শী \_\_\_\_\_ ল

পাঠমালার Desk Work :-

Page No. 3 Question No. - 9

\*\*\*\*\*